দৈনিক ইত্তেফাক

তারিখ 14 OCT 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 3

(৫)

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

178

# ১৫ই অক্টোবরের নিহতদের স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদিনের কর্মসূচী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

'৮৫ সালের ১৫ই অক্টোবর জগন্নাথ হলের মর্মান্তিক দুর্ঘটনায় নিহত ছাত্র, অতিথি ও কর্মচারীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে ১৫ই অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয় ১ দিনের কর্মসূচী গ্রহণ করিয়াছে।

এই দিন সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সকল হল, প্রধান ভবনসমূহে কালো পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত করা হইবে। সকাল সাড়ে ৬টায় অপরাজেয় বাংলা হইতে জগন্নাথ হল পর্যন্ত শোক মিছিল শেষে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হইবে। ইহাছাড়া রক্তদান কর্মসূচী ও স্মরণ সভাও কর্মসূচীর মধ্যে রহিয়াছে। কলকণ্ঠ সাংস্কৃতিক সংগঠন এ উপলক্ষে হল প্রাঙ্গণে পৃথক স্মরণ সভার আয়োজন করিয়াছে।